

তোমার পতাকা যারে দাও তারে বহিবারে দাও শকতি ।
 তোমার সেবার মহান দুঃখ সহিবারে দাও ভকতি ॥
 আমি তাই চাই ভরিয়া পরান দুঃখের সাথে দুঃখের ত্রাণ,
 তোমার হাতের বেদনার দান এড়ায়ে চাহি না মুকতি ।
 দুখ হবে মম মাথার ভূষণ সাথে যদি দাও ভকতি ॥
 যত দিতে চাও কাজ দিয়ো যদি তোমারে না দাও ভুলিতে,
 অন্তর যদি জড়াতে না দাও জালজঞ্জালগুলিতে ।
 বাঁধিয়ো আমায় যত খুশি ডোরে মুক্ত রাখিয়ো তোমা-পানে মোরে,
 ধুলায় রাখিয়ো পবিত্র ক'রে তোমার চরণধূলিতে—
 ভুলায়ে রাখিয়ো সংসারতলে, তোমারে দিয়ো না ভুলিতে ॥
 যে পথে ঘুরিতে দিয়েছ ঘুরিব— যাই যেন তব চরণে,
 সব শ্রম যেন বহি লয় মোরে সকলপ্রাপ্তিহরণে ।
 দুর্গম পথ এ ভবগহন, কত ত্যাগ শোক বিরহদহন—
 জীবনে মৃত্যু করিয়া বহন প্রাণ পাই যেন মরণে—
 সন্ধ্যাবেলায় লভি গো কুলায় নিখিলশরণ চরণে ॥

Parjaay: Puja, Taal: Kawali, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail